# শিক্ষা কার্যক্রম মনিটর করবেন ডিসি-ইউএনও

**নিজস্ব প্রতিবেদক ●**
জেলা প্রশাসক (ডিসি) ও উপজেলা নির্বাহী কর্মকর্তারা (ইউএনও) শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা করবেন- এমন কোনো নির্দেশনা শিক্ষা মন্ত্রণালয় দেয়নি। ডিসি-ইউএনওদের আগের মতো শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষা কার্যক্রম মনিটর করার কথা বলা হয়েছে। গতকাল বুধবার শিক্ষা মন্ত্রণালয় থেকে এক সতর্কীকরণ বিজ্ঞপ্তি জারি করে এ কথা বলা হয়েছে।

এতে বলা হয়, সাম্প্রতিককালে বিভিন্ন সামাজিক যোগাযোগমাধ্যমে শিক্ষা প্রতিষ্ঠানের পরিচালনা কমিটি থাকবে না বলে গুজব ছড়ানো হচ্ছে। শুধু তা-ই নয়, ডিসি ও ইউএনও ■ **এরপর পৃষ্ঠা ১১, কলাম ৩**

# শিক্ষা কার্যক্রম

**(প্রথম পৃষ্ঠার পর)** শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনার দায়িত্ব পাচ্ছেন বলেও গুজব ছড়ানো হচ্ছে। প্রকৃতপক্ষে আগের মতোই শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা করবে পরিচালনা কমিটি।

বিজ্ঞপ্তিতে বলা হয়, ডিসি ও ইউএনওদের শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষা কার্যক্রম মনিটর করার কথা বলা হয়েছে, আগেও তারা নিয়মিত কার্যক্রমের অংশ হিসেবে এই দায়িত্ব পালন করতেন।